# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩১২৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ পান করার আদব-কায়দা

## আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ أُتِيَ بِشَرَابٍ فَشَرِبَ مِنْهُ وَعَن يَمِينِهِ غُلَامٌ وَعَن يَسَارِهِ أَشْيَاخٌ فَقَالَ لِلغُلَامِ أَتَأْذَنُ لِي أَنْ أُعْطِيَ هؤُلاَءِ ؟ فَقَالَ الغُلاَمُ : لاَ وَاللهِ لاَ أُوثِرُ بِنَصِيبِي مِنْكَ أَحَداً فَتَلَّهُ رَسُوْلُ اللهِ ﷺ فِي يَدِهِ متفق عَلَيْهِ

## বাংলা

(৩১২৪) সাহল ইবনে সা’দ (রাঃ) হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে শরবত পরিবেশন করা হল। তিনি তা থেকে পান করলেন। আর তাঁর ডান দিকে ছিল একটি বালক। আর বাম দিকে ছিল কয়েকজন বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বালকটিকে বললেন, ’’তুমি কি আমাকে অনুমতি দেবে, আমি ঐ বয়স্ক লোকগুলিকে আগে পান করতে দিই?’’ বালকটি বলল, ’আল্লাহর কসম! আপনার কাছ থেকে আমার ভাগে আসা জিনিসের ক্ষেত্রে আমি কাউকে আমার উপর অগ্রাধিকার দেব না।’ বর্ণনাকারী বলেন, ’নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন পেয়ালাটি তার হাতে তুলে দিলেন।’ (বুখারী ২৬০৫, মুসলিম ৫৪১২)

## ফুটনোট

* উক্ত বালক ইবনে আব্বাস (রাঃ) ছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66872

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন